



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড,বাংলা

স্মারক নম্বর- রাশিবো/উমা/১-১৫(৩য় খন্ড)/পনি-১৬১

তারিখ : ২৮/০৫/২০২৪ খ্রি.

বিষয় : এইচএসসি পরীক্ষা ২০২৪ এর নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫) ব্যবহারিক বিষয়ের পরীক্ষা এনসিটিবি এর পাঠ্যসূচি অনুসারে প্রতিষ্ঠান কর্তৃক ধারাবাহিক মূল্যায়ন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, এইচএসসি পরীক্ষা ২০২৪ এর অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থীর পরীক্ষা যথা - তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫) ব্যবহারিক বিষয়ের পরীক্ষা এনসিটিবি এর পাঠ্যসূচি অনুসারে নিজ নিজ প্রতিষ্ঠান কর্তৃক ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে সম্পন্ন করবেন এবং পরীক্ষায় প্রাপ্ত নম্বর প্রতিষ্ঠান প্রধান সংরক্ষণ করবেন। প্রবেশপত্র পাওয়ার পরে পরীক্ষায় চূড়ান্তভাবে অংশগ্রহণকৃত পরীক্ষার্থীদের নাম, রোল নম্বর ও রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে পরীক্ষায় প্রাপ্ত নম্বর এর হার্ডকপি ও ফরম 'A' পূরণ করে গালাসীলযুক্ত খামে সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। তৃতীয় পরীক্ষা শেষে 'ভারপ্রাপ্ত কর্মকর্তা' প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রাপ্ত নম্বর Online এ রাজশাহী শিক্ষা বোর্ডে প্রেরণ করবেন এবং হার্ডকপিসহ সরবরাহকৃত ফরম-A হাতে হাতে রাজশাহী শিক্ষা বোর্ডের স্ক্রিপ্ট শাখায় জমা দিতে হবে।

বিশেষ দৃষ্টব্য : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫) বিষয়ের সরবরাহকৃত ফরম-A অন্যান্য হাজিরাপত্রের সঙ্গে ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ বোর্ডে জমা দিবেন (নমুনা ফরম সংযুক্ত)। প্রতিষ্ঠান প্রধান ফরম-A বোর্ডের ওয়েবসাইট থেকে সংগ্রহ করবেন।

প্রফেসর মো. আরিফুল ইসলাম

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

☎ ০২৫৮৮৮৫-৬২৩১

প্রাপক

১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, এইচএসসি পরীক্ষা কেন্দ্র ২০২৪
(ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ তাঁর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে
পত্রে আলোচ্য বিষয় যথাযথভাবে অবহিত করবেন)।

জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-এর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রয়োজনে যোগাযোগ

মোছা. সেলিনা পারভীন, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(উমা)

মোবাইল : ০১৭১৮-৪৪২৬৪৬

মো. সিরাজুল ইসলাম, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক(উমা)

মোবাইল : ০১৭১৩-৭৮৫০০৯



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড,বাংলা

এইচএসসি পরীক্ষা ২০.....

‘তথ্য ও যোগাযোগ প্রযুক্তি’ (বিষয় কোড ২৭৫) ব্যবহারিক বিষয়ের পরীক্ষার্থীর পরীক্ষা এনসিটিবি এর পাঠ্যসূচি অনুসারে প্রতিষ্ঠান কর্তৃক ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বরের বিবরণ :

নিচের অংশ পরীক্ষার্থী নিজ হাতে পূরণ করবে :

কেন্দ্রের নাম : কেন্দ্র কোড :

বিষয়ের নাম : বিষয় কোড :

রোল নম্বর : রেজিস্ট্রেশন নম্বর : শিক্ষাবর্ষ :

পরীক্ষার্থীর পূর্ণ নাম ও তারিখ :

পরীক্ষা গ্রহণকারী নিজ হাতে সতর্কতার সাথে পূরণ করবেন :

- | | | |
|-------|---------------------|---|
| (i) | যন্ত্রপাতির ব্যবহার | = |
| (ii) | ফলাফল উপস্থাপন | = |
| (iii) | মৌখিক অভীক্ষা | = |
| (iv) | নোট বুক | = |
| (v) | | = |

প্রাপ্ত মোট নম্বর =

স্বাক্ষর ও তারিখ :

পরীক্ষা গ্রহণকারী শিক্ষকের নাম ও পদবী :

স্বাক্ষর ও তারিখ :

ভারপ্রাপ্ত কর্মকর্তার নামসহ সীল

এবং

কেন্দ্রের নাম ও কোড নম্বর.....

মোবাইল :

স্বাক্ষর ও তারিখ :

অধ্যক্ষের নাম :

কলেজের ঠিকানাসহ সীল

কলেজ EIIN :

- ভারপ্রাপ্ত কর্মকর্তা তাঁর আওতাধীন কলেজসমূহে ফরম বিতরণ করবেন এবং পূরণকৃত ফরম সংগ্রহ করে যথাযথভাবে রাজশাহী শিক্ষা বোর্ডের ক্রিপ্ট শাখায় জমা দিবেন। এক প্রস্থ স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান এবং এক প্রস্থ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা সংরক্ষণ করবেন।
- রোল নম্বর অনুযায়ী ফরম সিরিয়াল করে দিতে হবে